# **সেবার নাম:** রেজিস্ট্রেশন এবং পরিচয়পত্র প্রদান

মন্ত্রণালয়/বিভাগেরনাম: **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল**

## ১। অফিস প্রোফাইল

**ক) এক নজরে অফিস**

<table>
<tr><td rowspan="3">প্রতিষ্ঠানের নাম</td><td>বাংলা</td><td>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>Bangladesh Veterinary Council</td></tr>
<tr><td>সংক্ষিপ্ত</td><td>BVC</td></tr>
<tr><td>অফিস প্রধানের পদবি</td><td colspan="2">রেজিস্ট্রার</td></tr>
<tr><td>অফিসের সংখ্যা</td><td colspan="2">১টি (প্রধান কার্যালয়)</td></tr>
<tr><td>জনবল</td><td colspan="2">৬ জন</td></tr>
<tr><td>অফিসের ঠিকানা</td><td colspan="2">৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা - ১০০০</td></tr>
<tr><td>যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স)</td><td colspan="2">ই-মেইল: info@bvc.gov.bd ফোন:+৮৮-০২-৭৩৪৩২৬০,<br>ফ্যাক্স: +৮৮-০২-৭৩৪৩২৬০</td></tr>
<tr><td>ওয়েবসাইট</td><td colspan="2">https://www.bvc.gov.bd</td></tr>
<tr><td>যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)</td><td colspan="2">গুলিস্তান বঙ্গাবাজারের সন্নিকটে ৪৮, কাজী আলাউদ্দিন রোডস্থ কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল চত্বরে অবস্থিত বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।<br>ম্যাপে লিঙ্কঃ https://goo.gl/maps/X93yLYG24hoWn88M9<br>
</td></tr>
</table>

**খ) ভিশন ও মিশন**

**রূপকল্প** (Vision): দক্ষ প্র্যাকটিশনার দ্বারা প্রাণির মানসম্মত স্বাস্থ্য সেবা (ভেটেরিনারি সার্ভিস) প্রদান নিশ্চিত করা।

**অভিলক্ষ্য** (Mission): ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান নিয়ন্ত্রণের মাধ্যমে যথাযথ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি নিশ্চিত করা।

**গ) অফিসের পরিচিতি ও ছবি**

**পরিচিতি:**

- ✓ ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান নিয়ন্ত্রণের জন্য বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান (Statutory Body)।
- ✓ **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (BVC)**দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২ (১৯৮৬ সালের ১নং আইন) এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়।
- ✓ এ পেশাকে আধুনিক ও আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে বিগত ১০ জুলাই, ২০১৯ তারিখে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৯ জারি করা হয়।



**সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি) মহান জাতীয় সংসদের আইন দ্বারা সৃষ্ট একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education নামে আন্তর্জাতিক মানের একটি মানদন্ড প্রণয়ন করেছে, যা বাংলাদেশের ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা হচ্ছে।এদেশের ভেটেরিনারি পেশার


গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমি ত্ত এবং ভেটেরিনারি শিক্ষার মান নিয়ন্ত্রণের জন্য "দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২"কে সংশোধন ও সংযোজনের মাধ্যমে ২০১৯ সালের ১০ই জুলাই "বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৯" নামে একটি আইন জারি করা হয়েছে। বিগত ৩ বছরে কাউন্সিল ১৩০০ জন ভেটেরিনারিয়ানকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) ও ১৩৯১ টি প্র্যাকটিশনার্স আইডি কার্ড (পিআইসি) প্রদান ক রেছে। তাছাড়া পেশাগত দ ক্ষতা বৃদ্ধির জন্য মোট ৪০৪ জন রেজিস্টার্ড ভেটেরিনারি কর্মশালায় ও ৫৪৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কাউন্সিলের অনুকূলে ১০ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণের একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত প্রকল্পে কাউন্সিলের ব্যবহারের জন্য পর্যাপ্ত অফিস কক্ষ ছাড়াও, প্রশিক্ষণ কেন্দ্র, কনফারেন্স রুম, লাইব্রেরি এবং অত্যাধুনিক ভিডিও কনফারেন্স কক্ষের সুযোগ সৃষ্টি হবে। তাছাড়া জনবল বৃদ্ধির লক্ষ্যে ৬২টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ✓ ৪৯৮ জন ডিভিএম ডিগ্রীধারীকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) প্রদান।
- ✓ ভেটেরিনারি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য ৯টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (ভি,ই,আই) সরেজমিনে পরিদর্শন।
- ✓ দক্ষতা বৃদ্ধির জন্য ৫৭৫ জন ভেটেরিনারিয়ানকে কর্মশালা ও প্রশিক্ষণ প্রদান।
- ✓ ৫৫৮ জন পেশাজীবীকে পরিচয় পত্র (পি,আই,সি) প্রদান।
- ✓ ২২ টি প্র্যাকটিস কেন্দ্র (পি,সি) পরিদর্শন।

**ঘ) অফিসের অর্গানোগ্রাম**

**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের অর্গানোগ্রাম**




**ঙ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রধান কার্যাবলী**

- ✓ ভেটেরিনারি প্র্যাকটিশনার এবং প্যারাভেটদের নিবন্ধন ও সনদ প্রদান, নিয়ন্ত্রণ এবং তাঁহাদের আইনগত অধিকার ও সুযোগ- সুবিধা সংরক্ষণ;
- ✓ ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ, উন্নয়ণ, সম্প্রসারণ এবং ক্ষেত্রমত এতদবিষয়ে গবেষণা পরিচালনা;
- ✓ ভেটেরিনারি প্র্যাকটিশনারদের পেশাগত নৈতিকতা সম্পর্কিত নীতিমালা প্রণয়ন, তদারকি, বাস্তবায়ন ইত্যাদি;
- ✓ ভেটেরিনারি শিক্ষার কোর্স-কারিকুলাম প্রণয়ন, ডিগ্রির মান উন্নয়ন, ইন্টার্নশিপ নীতিমালা প্রণয়ন;
- ✓ ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য স্বীকৃতি প্রদান; বিদেশি ডিগ্রি বা ডিপ্লোমার সমতা মূল্যায়ন
- ✓ ভেটেরিনারি প্র্যাকটিশনারদের দক্ষতা বৃদ্ধি, বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টি বা সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- ✓ পেশা বহির্ভূত বা অনৈতিক কাজে লিপ্ত ভেটেরিনারি প্র্যাকটিশনার ও প্যারাভেটদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

## ২। সেবা প্রোফাইল

### ক) সেবার নাম: রেজিস্ট্রেশন এবং পরিচয়পত্র প্রদান

### খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা

**রেজিস্ট্রেশন এবং পরিচয়পত্র** প্রাপ্তির ক্ষেত্রে **সেবামূল্য** ডিজিটালি **প্রদানের ব্যবস্থা করা হলে সেবাগ্রহীতাদের টাকা দেওয়ার** ভোগান্তি কমবে। এছাড়া, রেজিস্ট্রেশন এবং পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে অত্র দপ্তরে প্রাপ্ত অর্থ ব্যাংকে গিয়ে সরকারি কোষাগারে জমা দেয়ার ভোগান্তিও কমবে। দ্রুত সেবাপ্রদান নিশ্চিত হবে এবং সেবাগ্রহীতার যাতায়াত ও অর্থের সাশ্রয় হবে।

### গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদিঃ

| ক্র:নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১. | সেবা প্রদানকারী অফিস | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |
| ২. | সেবার সংক্ষিপ্ত বিবরণ | ভেটেরিনারি প্র্যাকটিশনারদের রেজিস্ট্রেশন, আইডি কার্ড প্রদান। |
| ৩. | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | ৫৫০ জন (প্রায়) |
| ৪. | সেবা প্রাপ্তির শর্তাবলী | ডিভিএম/বিএসসি ভেট সায়েন্স এন্ড এ এইচ ডিগ্রী |
| ৫. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | রেজিস্ট্রার, ট্রেজারার, ক্যাশিয়ার, অফিস সুপারিনটেনডেন্ট, উচ্চমান সহকারী |
| ৬. | সেবা প্রাপ্তির সময় | ৪৫ দিন |
| ৭. | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | * ডিভিএম/বিএসসি ভেট.সায়েন্স এন্ড এ এইচ পাশের সার্টিফিকেট<br>* ফলাফল প্রকাশের তারিখ সম্বলিত প্রত্যয়ন পত্র<br>* ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি। |
| ৮. | সেবা প্রাপ্তির খরচ | ৩০০ টাকা |
| ৯. | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা ৪ বার। |
| ১০. | সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা/ চ্যালেঞ্জসমূহ | ● নির্দিষ্ট সময়ে রেজিস্ট্রেশন প্রদানে বিলম্ব হয়।<br>● সেবামূল্য প্রাপ্তি/প্রদানে ভোগান্তি।<br>● সেবা মূল্য অত্র দপ্তরে এসে নগদে জমা দিতে হয়।<br>● সময় ও অর্থের অপচয় হয়। |

**ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় | সংশ্লিষ্ট জনবল (জন) |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র প্রেরণ / দাখিল | ০.১২ দিন | ২ জন |
| ২ | রেজিস্ট্রার কর্তৃক আবেদনপত্র উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.১৩ দিন | ২ জন |
| ৩ | উচ্চমান সহকারি কর্তৃক আবেদনপত্র নথিতে অফিস সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ | ০.১৩ দিন | ২ জন |
| ৪ | অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক নথি ডেপুটি রেজিস্ট্রার বরাবর অগ্রায়ন | ০.১২ দিন | ২ জন |
| ৫ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক আবেদন যাচাই বাছাইয়ান্তে টাকা গ্রহণের জন্য ট্রেজারারের নিকট প্রেরণ | ০.১৩ দিন | ২ জন |
| ৬ | অর্থ প্রাপ্তি নিশ্চিত করার জন্য ক্যাশিয়ার কর্তৃক ফি গ্রহণ এবং রশিদ প্রস্তুতকরণ ও হিসাব রক্ষকের নিকট প্রেরণ | ০.১২ দিন | ২ জন |
| ৭ | হিসাব রক্ষক কর্তৃক রেজিস্ট্রারে এন্ট্রি সম্পাদন করে ট্রেজারার নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ৮ | ট্রেজারার কর্তৃক অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে টাকা জমার রসিদসহ আবেদনপত্র ডেপুটি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ৯ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক নথি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ১০ | রেজিস্ট্রার কর্তৃক নথিতে অনুমোদন ও উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ১১ | উচ্চমান সহকারি কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র-এর খসড়া পত্র প্রস্তুত এবং রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ১২ | রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র স্বাক্ষর এবং উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১৩ | উচ্চমান সহকারির কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র জারি | ০.৫০ দিন | ১ জন |
| ১৪ | উচ্চমান সহকারি ও কম্পিউটার অপারেটর কর্তৃক পরিচয় পত্রের তথ্যের খসড়া প্রস্তুতকরণ এবং অফিস সুপারিনটেনডেন্ট-কে প্রেরণ | ১৭ দিন | ৩ জন |
| ১৫ | অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক ডেপুটি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ৩ দিন | ২ জন |
| ১৬ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১৭ | রেজিস্ট্রার কর্তৃক অনুমোদন এবং অফিস সুপারিনটেনডেন্ট কে প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১৮ | প্রিন্টের জন্য অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রেসে প্রেরণ | ১ দিন | ১ জন |
| ১৯ | প্রেস কর্তৃক পরিচয় পত্রের প্রুফ কপি অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ১০ দিন | ১ জন |
| ২০ | প্রুফ নিরীক্ষার নিমিত্ত উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ১.৫০ দিন | ২ জন |
| ২১ | নিরীক্ষাকৃত প্রুফ কপি উচ্চমান সহকারি কর্তৃক অফিস সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ | ১.৫০ দিন | ২ জন |
| ২২ | অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রুফ কপি ডেপুটি রেজিস্ট্রারকে প্রেরণ | ৩ দিন | ২ জন |
| ২৩ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রার এর নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ২৪ | রেজিস্ট্রার কর্তৃক অনুমোদন এবং অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ০.২৫ দিন | ২ জন |
| ২৫ | অনুমোদিত পরিচয় পত্র প্রিন্টের জন্য অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রেসে প্রেরণ | ০.২৫ দিন | ১ জন |
| ২৬ | প্রিন্টেড পরিচয় পত্র প্রেস কতৃক অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ৫ দিন | ১ জন |


| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় | সংশ্লিষ্ট জনবল (জন) |
|---|---|---|---|
| ২৭ | অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক মুদ্রিত পরিচয় পত্র উচ্চমান সহকারিকে প্রেরণ | ১ দিন | ২ জন |
| ২৮ | উচ্চমান সহকারি কর্তৃক পরিচয় পত্র প্রদান / ডেলিভারি | ১ দিন | ১ জন |


**মোট ধাপঃ ২৮টি**


**মোট সময়ঃ ৪৯ দিন**

**সম্পৃক্ত ব্যক্তির সংখ্যাঃ ৫১ জন**

## ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ(Process Map)




ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক নথি রেজিস্ট্রারের নিকট প্রেরণ
T: ০.২৫ দিন
P: ২ জন
রেজিস্ট্রার কর্তৃক নথিতে অনুমোদন ও উচ্চমান সহকারির নিকট প্রেরণ
T: ০.২৫ দিন
P: ২ জন
ডেপুটি রেজিস্ট্রার এর বরাবর নথি ফেরত
না
হ্যাঁ
উচ্চমান সহকারি কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র-এর খসড়া পত্র প্রস্তুত এবং রেজিস্ট্রারের নিকট প্রেরণ
T: P: ২ জন
P: ২ জন
রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র স্বাক্ষর এবং উচ্চমান সহকারির নিকট প্রেরণ
T: ০.২৫ দিন
P: ২ জন
উচ্চমান সহকারির কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র জারি
T: ০.৫০ দিন
P: ১ জন
উচ্চমান সহকারি ও কম্পিউটার অপারেটর কর্তৃক পরিচয় পত্রের তথ্যের খসড়া প্রস্তুতকরণ এবং অফিস সুপারিনটেনডেন্ট-কে প্রেরণ
T: ১৭ দিন
P: ৩ জন
অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক ডেপুটি রেজিস্ট্রারের নিকট প্রেরণ
T: ৩ দিন
P: ২ জন
ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রেরণ
T: ০.৫০ দিন
P: ২ জন
রেজিস্ট্রার কর্তৃক অনুমোদন এবং অফিস সুপারিনটেনডেন্ট কে প্রেরণ
T: ০.৫০ দিন
P: ২ জন
ডেপুটি রেজিস্ট্রার এর বরাবর নথি ফেরত
না
হ্যাঁ
প্রিন্টের জন্য অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রেসে প্রেরণ
T: ১ দিন
P: ১ জন
প্রেস কর্তৃক পরিচয় পত্রের প্রুফ কপি অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট
T: ১০ দিন
P: ১ জন
প্রুফ নিরীক্ষার নিমিত্ত উচ্চমান সহকারির নিকট প্রেরণ
T: ৩ দিন
P: ২ জন
নিরীক্ষাকৃত প্রুফ কপি উচ্চমান সহকারি কর্তৃক অফিস সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ
T: ১.৫০ দিন
P: ২ জন




**মোটঃ**
**সময় (T):** ৪৯ দিন
**জনবল (P):** ৫১ জন
**ধাপ (S):** ২৮ টি

## চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনা:


| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। আবেদন দাখিল সংক্রান্ত | ম্যানুয়ালি আবেদনের সেবামূল্য গ্রহণের ক্ষেত্রে আমলাতান্ত্রিক জটিলতা রয়েছে। | আবেদনের সেবামূল্য ডিজিটালি গ্রহণের ক্ষেত্রে আমলাতান্ত্রিক জটিলতা থাকবে না। |
| ২। সেবার ধাপ | ২৮ টি | ১৯ টি |
| ৩। সেবা মূল্যা প্রদান | ম্যানুয়ালি সেবা মূল্য প্রদানে বিভিন্ন ধরণের জটিলতা হয়। | অনলাইনে সেবা মূল্য প্রদানে কোন জটিলতা থাকবে না। |
| ৪। রেকর্ড/তথ্য উপাত্ত সংরক্ষণ | - | - |


**ছ) প্রস্তাবনা পদ্ধতিঃ**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় | সংশ্লিষ্ট জনবল (জন) |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র প্রেরণ / দাখিল ১ দিন | ০.১৫ দিন | ২ জন |
| ২ | রেজিস্ট্রার কর্তৃক আবেদনপত্র উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.১৫ দিন | ২ জন |
| ৩ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক আবেদন যাচাই বাছাইয়ান্তে অনলাইনে টাকা গ্রহণের ব্যবস্থা | ০.১৫ দিন | ১ জন |
| ৪ | ট্রেজারার কর্তৃক অনলাইনে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে আবেদনপত্র ডেপুটি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.১৫ দিন | ১ জন |
| ৫ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক নথি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.১৫ দিন | ২ জন |
| ৬ | রেজিস্ট্রার কর্তৃক নথিতে অনুমোদন ও উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.১৫ দিন | ২ জন |
| ৭ | উচ্চমান সহকারির কর্তৃক রেজিস্ট্রেশন/নিবন্ধনপত্র জারি | ০.১০ দিন | ১ জন |
| ৮ | উচ্চমান সহকারি ও কম্পিউটার অপারেটর কর্তৃক পরিচয় পত্রের তথ্যের খসড়া প্রস্তুতকরণ এবং অফিস সুপারিনটেনডেন্ট-কে প্রেরণ | ১৭ দিন | ৩ জন |
| ৯ | অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক ডেপুটি রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ৩ দিন | ২ জন |
| ১০ | ডেপুটি রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১১ | রেজিস্ট্রার কর্তৃক অনুমোদন এবং অফিস সুপারিনটেনডেন্ট কে প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১২ | প্রিন্টের জন্য অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রেসে প্রেরণ | ১ দিন | ১ জন |
| ১৩ | প্রেস কর্তৃক পরিচয় পত্রের প্রুফ কপি অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ১০ দিন | ১ জন |
| ১৪ | প্রুফ নিরীক্ষার নিমিত্ত উচ্চমান সহকারির নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১৫ | নিরীক্ষাকৃত প্রুফ কপি উচ্চমান সহকারি কর্তৃক অফিস সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ | ০.৫০ দিন | ২ জন |
| ১৬ | রেজিস্ট্রার কর্তৃক অনুমোদন এবং অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ১ দিন | ২ জন |
| ১৭ | অনুমোদিত পরিচয় পত্র প্রিন্টের জন্য অফিস সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রেসে প্রেরণ | ১ দিন | ১ জন |
| ১৮ | প্রিন্টেড পরিচয় পত্র প্রেস কতৃক অফিস সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রেরণ | ৫ দিন | ১ জন |
| ১৯ | উচ্চমান সহকারি কর্তৃক পরিচয় পত্র প্রদান / ডেলিভারি | ১ দিন | ১ জন |

**মোটধাপঃ** ১৯ **টি**
**মোটসময়ঃ** ৪১**দিন**
**সম্পৃক্তব্যক্তিরসংখ্যাঃ** ৩১ **জন**

## জ) প্রস্তাবিতপদ্ধতির প্রসেস ম্যাপ(Process Map)






**মোটঃ**
**সময় (T):** ৪১ দিন
**জনবল (P):** ৩১ জন
**ধাপ (S):** ১৯ টি

## ৩।TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমানপদ্ধতি | প্রস্তাবিতপদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৪৯ দিন | ৪১ দিন |
| খরচ | ২৫০০ টাকা | ২৫০০ টাকা |
| যাতায়াত | ২ বার | ১ বার |
| ধাপ | ২৮ টি | ১৯ টি |
| জনবল | ৫১ জন | ৩১ জন |

২০/০২/২০২৬
ডাঃ গোপাল চন্দ্র বিশ্বাস
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ঢাকা।